# সায়ের ও নির্ঝরের দাবি মিথ্যা, হাদিকে হামলার ফয়সাল ছাত্রলীগের নয়: ফ্যাক্ট ডিটেক্টর




সংগৃহীত ছবি

ঢাকা-৮ আসনের এমপি প্রার্থী ওসমান হাদিকে গুলির ঘটনায় জড়িত সন্দেহভাজন ফয়সাল করিম মাসুদ বা ‘দাউদ ফয়সাল’ ছাত্রলীগের কেউ নয়। প্রবাসী সাংবাদিক সায়ের ও নির্ঝরের দাবি অনুসারে তিনি ছাত্রলীগের পদে ছিলেন, তবে ফ্যাক্ট ডিটেক্টরের অনুসন্ধানে তা মিথ্যা প্রমাণিত হয়েছে।

সম্প্রতি ওসমান হাদি হামলার ঘটনায় জড়িত সন্দেহভাজন ফয়সাল করিম মাসুদ বা ‘দাউদ ফয়সাল’ সম্পর্কে প্রবাসী সাংবাদিক জুলকারনাইন সায়ের ও জাওয়াদ নির্ঝর দাবি করেন যে, তিনি ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সহ-সভাপতি এবং আদাবর থানার সভাপতি।

তবে ফ্যাক্ট ডিটেকটরের অনুসন্ধানে দেখা গেছে, উল্লেখিত পদে ফয়সাল বা দাউদ নামে কেউ নেই। অর্থাৎ, সাংবাদিকদের প্রচারিত তথ্য মিথ্যা হিসেবে প্রমাণিত হয়েছে।

ফ্যাক্ট ডিটেক্টর জানায়, ভুয়া তথ্য দ্রুত ছড়ানো পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ করতে পারে, তাই জনসাধারণকে যাচাই করা তথ্যের ওপর বিশ্বাস রাখার আহ্বান জানানো হচ্ছে।

LENS ASIA